

ডাকঘর সঞ্চয় ব্যাংক(প্রবর্তনঃ ১৮৭২ খ্রিঃ)

(ক) সাধারণ হিসাব :

১। মুনাফাঃ ৭.৫% (সরল হারে);

ক্রমিক নং	সঞ্চয় স্কিমের নাম	মেয়াদ (উত্তীর্ণ হইলে)	বিদ্যমান মুনাফার হার	ক্রমিক ১-৯ এ বর্ণিত সকল সঞ্চয় স্কিমে ক্রমপঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ:		
				১৫,০০,০০০ টাকা পর্যন্ত	১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০	৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব
০৫	ডাকঘর সঞ্চয় ব্যাংক- সাধারণ হিসাব	-	৭.৫০%	৭.৫০	৭.৫০	৭.৫০

২। যারা বিনিয়োগ করতে পারবেন :

(ক) সকল শ্রেণি ও পেশার বাংলাদেশী নাগরিক।

৩। বিনিয়োগ করতে যা যা প্রয়োজন : ক্রেতার ২(দুই) কপি (পিপি সাইজ) ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ/পাসপোর্টের ফটোকপি এবং নমিনী থাকলে প্রত্যেকের ২(দুই) কপি (পিপি সাইজ) ছবি।

৪। বিনিয়োগের উর্ধ্বসীমা : একক নামে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা অথবা যুগ্ম-নামে সর্বোচ্চ ২০ লক্ষ টাকা।

৫। অন্যান্য সুবিধাঃ (ক) নমিনী নিয়োগ করা যায় / পরিবর্তন ও বাতিল করা যায়;

(খ) এক মাসেরও মুনাফা প্রদেয়।

খ) মেয়াদী হিসাবঃ

১। মুনাফাঃ মেয়াদান্তে (৩ বছর) ১১.২৮%।

ক্রমিক নং	সঞ্চয় স্কিমের নাম	মেয়াদ (উত্তীর্ণ হইলে)	বিদ্যমান মুনাফার হার	ক্রমিক ১-৯ এ বর্ণিত সকল সঞ্চয় স্কিমে ক্রমপঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ:		
				১৫,০০,০০০ টাকা পর্যন্ত	১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০	৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব
০৭	ডাকঘর সঞ্চয় ব্যাংক- মেয়াদী হিসাব	১ম বছরান্তে	১০.২০%	১০.২০	৯.৩১	৮.৪১
		২য় বছরান্তে	১০.৭০%	১০.৭০	৯.৭৭	৮.৮২
		৩য় বছরান্তে	১১.২৮%	১১.২৮	১০.৩০	৯.৩০

১,০০,০০০ (এক লক্ষ) টাকা বিনিয়োগ করলে মেয়াদান্তে ৩৩,৮৪০ (তেত্রিশ হাজার আটশত চল্লিশ) টাকা পাওয়া যায়। ১০% হারে উৎসে কর কর্তন ৩,৩৮৪.০০ (তিন হাজার তিনশত চুরাশি) টাকা এবং নীট প্রদেয় মুনাফা ৩০,৪৫৬ (ত্রিশ হাজার চারশত ছাপ্পান্ন) টাকা। তবে ১ (এক) বছর, ২ (দুই) বছর অথবা ৩ (তিন) বছর মেয়াদী হিসাব খোলা যায়। আমানতকারী ইচ্ছা করলে প্রতি ৬ মাস অন্তর মুনাফা উত্তোলন করতে পারেন। সেক্ষেত্রে ১ম বছরে ৯.০০%, ২য় বছরে ৯.৫০% এবং ৩য় বছর ১০.০০% হারে মুনাফা প্রদেয়।

২। যারা বিনিয়োগ করতে পারেনঃ

(ক) সকল শ্রেণি ও পেশার বাংলাদেশী নাগরিক।

৩। বিনিয়োগের উর্ধ্বসীমাঃ একক হিসেবে ১০ লক্ষ টাকা অথবা যুগ্ম হিসেবে ২০ লক্ষ টাকা।

৪। অন্যান্য সুবিধাঃ

(ক) সকল শ্রেণি ও পেশার বাংলাদেশী নাগরিক এ হিসাব খুলতে পারেন;

(খ) নমিনী নিয়োগ করা যায় / পরিবর্তন ও বাতিল করা যায়;

(গ) স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগ সুবিধা পাওয়া যায়।